**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সভাপতি
নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি
ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়, নাটোর।

স্মারক নং: সিজেএমকা/নাট/১৫৪ তারিখ: ১৮/০৩/২০২৫ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞ জেলা ও দায়রা জজ, নাটোর মহোদয়ের গত ১৭/০৩/২০২৫ খ্রি. তারিখের ৪৬ নং আদেশ এবং একই তারিখের স্মারক নং ডিজে/নাট/৯১(৪) জি এর প্রেক্ষিতে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী, নাটোর এর নিম্নবর্ণিত শূন্যপদে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্ন বর্ণিত শর্ত মোতাবেক পদের বিপরীতে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | নৈশ প্রহরী | ০১ জন | ৮২৫০-২০,০১০ টাকা | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২ | ফরাস | ০১ জন | ৮২৫০-২০,০১০ টাকা | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩ | অফিস সহায়ক | ০২ জন | ৮২৫০-২০,০১০ টাকা | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | জুডিসিয়াল পেশকার | ০১ জন | ৯৩০০-২২,৪৯০ টাকা | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৫. | স্টেনোগ্রাফার | ০১ জন | ১১,০০০-২৬,৫৯০ টাকা | ক) প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ এবং বাংলার ৫০ শব্দ গতি সম্পন্ন হতে হবে।<br>গ) প্রার্থীকে কম্পিউটারে প্রতিমিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে এবং<br>ঘ) প্রার্থীকে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে সাঁটলিপি এবং কম্পিউটার কোর্সের সনদপত্র প্রাপ্ত হতে হবে। |

**শর্তাবলী**

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। প্রার্থীকে আগামী ১০/০৪/২০২৫ খ্রি. তারিখ অফিস সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে সভাপতি, নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নাটোর বরাবর আবেদনপত্র পৌছাতে হবে।

৩। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমের আলোকে তথ্যাদি স্বহস্তে পূরণ পূর্বক স্বাক্ষর করে আবেদন করতে হবে। ফরমটি www.forms.gov.bd job ওয়েব সাইট হতে ডাউনলোড করতে হবে।

৪। ১০/০৪/২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

৭। আবেদনের সাথে আবেদনকারীর ডাক ঠিকানা সম্বলিত ৯.৫ ইঞ্চি×৪.৫ ইঞ্চি মাপের ফেরত খাম ২০ টাকার ডাক টিকেট সহ সংযুক্ত করে দিতে হবে।

০৮। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটো-কপি ও পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি দাখিল করতে হবে।

০৯। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

১০। উপযুক্ত প্রার্থীর লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় ডাক যোগে জানিয়ে দেয়া হবে।

১১। প্রার্থীকে অবশ্যই সোনালী ব্যাংক, নাটোর শাখা, নাটোর এর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নাটোর বরাবর ৪৯০৯৮৩৩০০৭৪৬৮ চলতি হিসাব নম্বরে ১-৩ নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং ৪-৫ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা প্রদান পূর্বক ব্যাংক ড্রাফটের কপি সংযুক্ত করতে হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের অফিস সময়ের পরে প্রাপ্ত সকল প্রকার আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

১৪। কোন প্রার্থী আবেদনের অযোগ্য হবেন যদি তিনি কোন বিদেশি ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন।

১৫। যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে পদের সংখ্যা বাড়ানো বা কমানো যেতে পারে।

১৬। এই বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন এবং নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(মোঃ আল-আমন)
সভাপতি
নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি
ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
নাটোর।

আরপি-৯১০/২৫ (১২"x৩)